নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪

নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/১৮৯/২০২৬/১৩০৯৮ ১২ জানুয়ারি ২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত স্থায়ী ও শুন্যপদের বিপরীতে কর্মকর্তা ও কর্মচারী পদ পূরণের লক্ষ্যে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে এই বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা হচ্ছে:

| ক্রম | পদের নাম ও বেতন কাঠামো (জাতীয় বেতন কাঠামো ২০১৫) | শূন্য পদ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | **পরিচালক (হিসাব)**<br>(গ্রেড-৩, জাতীয় বেতন কাঠামো ২০১৫)<br><br>(পুনঃবিজ্ঞপ্তি) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিবিএসহ এমবিএ/৩-৪ বছর মেয়াদি বিকম অনার্সসহ এমকম/পাস কোর্সে বিকমসহ এমকম ডিগ্রিধারী হতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ-২.৫০ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে কমপক্ষে ১ম শ্রেণী/জিপিএ-৩.০০ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের প্রথম শ্রেণি/সমমানের গ্রেড প্রাপ্তদের এবং এফসিএ/সিএ/আইসিএমএ/সমমান ও পিএইচডি/সমমানের ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা:** অর্থ/হিসাব/বাজেট ও সংশ্লিষ্ট অন্যান্য কাজে সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ/বিশ্ববিদ্যালয়ে ১ম শ্রেণি (৯ম গ্রেড) বা সমমানের কর্মকর্তা ও তদুর্ধ্ব পদে কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে ডেপুটি কম্পট্রোলার/ডেপুটি ডাইরেক্টর/উপ পরিচালক, অর্থ ও হিসাব, বা সমপর্যায়ের (অর্থ, হিসাব ও বাজেট সংক্রান্ত) পদে কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অধিকতর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স/শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। বয়স অনূর্ধ্ব ৫০ বছর। |
| ০২ | **পরিচালক**<br>(পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস)<br>(গ্রেড-৩, জাতীয় বেতন কাঠামো ২০১৫)<br><br>(পুনঃবিজ্ঞপ্তি) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/ব্যবসায় শিক্ষা/ব্যবসায় প্রশাসন/পরিসংখ্যান/উন্নয়ন অধ্যয়ন/জীববিজ্ঞান/বিজ্ঞান বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অথবা প্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রিধারী হতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ-২.৫০ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে কমপক্ষে ১ম শ্রেণী/জিপিএ-৩.০০ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের প্রথম শ্রেণি/সমমানের গ্রেড প্রাপ্ত, পিএইচডি ডিগ্রিধারী এবং পরিকল্পনা, প্রকল্প প্রণয়ন, প্রকল্প ব্যবস্থাপনা, উন্নয়ন ও সংশ্লিষ্ট বিষয়ক প্রশিক্ষণ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। ইঞ্জিনিয়ারিং (সিভিল/মেকানিক্যাল) ডিগ্রিধারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা:** প্রকল্প প্রণয়ন, প্রকল্প ব্যবস্থাপনা, পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ/বিশ্ববিদ্যালয়/সরকারি প্রকল্পে ১ম শ্রেণি (৯ম গ্রেড) বা সমমানের কর্মকর্তা ও তদুর্ধ্ব পদে কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে উপ-পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বা সমমানের পদে ৫ বছরের অভিজ্ঞতা/সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার বা সমমানের পদে ৩ বছরের অভিজ্ঞতা/সরকারি প্রকল্প পরিচালনায় ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অধিকতর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স/শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। বয়স অনূর্ধ্ব ৫০ বছর। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **ডেপুটি রেজিস্ট্রার**<br>(গ্রেড-৫, জাতীয় বেতন কাঠামো ২০১৫)<br><br>(পুনঃবিজ্ঞপ্তি) | ০১টি | **<u>শিক্ষাগত যোগ্যতা ঃ</u>** ৪ বছরের সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনপক্ষে দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ২.৫০ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের যে কোন একটিতে প্রথম শ্রেণি/সিজিপিএ ৩.০ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে ১ম শ্রেণী/জিপিএ-৩.০ থাকতে হবে।<br><br>**<u>অভিজ্ঞতা ঃ</u>** সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ/প্রশাসন সংক্রান্ত কাজে কর্মকর্তা হিসেবে ১০ বছরের অভিজ্ঞতা তন্মধ্যে সহকারী রেজিস্ট্রার/সমমানের কর্মকর্তা হিসেবে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা ন্যূনতম ৩৫ বছর। |
| ০৪ | **ডকুমেন্টেশন অফিসার**<br>(গ্রেড-৯, জাতীয় বেতন কাঠামো ২০১৫) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** লাইব্রেরী সায়েন্সে/সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ-২.৫০ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে কমপক্ষে ১ম শ্রেণী/জিপিএ-৩.০০ থাকতে হবে। পেশাগত প্রশিক্ষণপ্রাপ্ত/অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০৫ | **মেকানিক (পরিবহন)**<br>পরিবহন পুল<br>(গ্রেড-১৬, জাতীয় বেতন কাঠামো ২০১৫)<br>(পুনঃবিজ্ঞপ্তি) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** সর্বস্তরে কমপক্ষে ২য় বিভাগ/জিপিএ-৩.০০ সহ ন্যূনতম এইচএসসি পাশ। সংশ্লিষ্ট কাজে অবশ্যই ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ২ (দুই) বছরের বেশী গাড়ী মেকানিক হিসেবে বাস্তব অভিজ্ঞতা আছে এ রকম প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি পাশ গ্রহণযোগ্য।<br>**অভিজ্ঞতা:** কোন সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/ বিশ্ববিদ্যালয়ে/ প্রথিতযশা বেসরকারি প্রতিষ্ঠানে পরিবহন সংশ্লিষ্ট কাজে সুপার ভাইজার/টেকনিশিয়ান/মেকানিক/হেভি গাড়ির ড্রাইভার হিসেবে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা/বয়স শিথিল যোগ্য। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |

**আবেদনের শর্তাবলী:**

১. কর্মকর্তা ও কর্মচারী পদে আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd) থেকে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে স্বহস্তে/কম্পিউটার কম্পোজ করে আবেদন করতে হবে।

২. উপরোক্ত কর্মকর্তা ও কর্মচারী পদে আগামী ২৭ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়) রেজিস্ট্রার বরাবর ৩য় গ্রেড পদে আবেদনকারীদের ০৯ সেট, ৫ম ও ৯ম গ্রেড পদে আবেদনকারীদের ০৮ সেট এবং কর্মচারী ১৬তম গ্রেড পদে আবেদনকারীদের ০৬ সেট আবেদনপত্র A4 সাইজ খামে সরাসরি/ডাকযোগে জমা দিতে হবে। প্রতি সেট আবেদনপত্রের সঙ্গে (ক) জাতীয় পরিচয়পত্র (খ) পাসপোর্ট সাইজের ০২ কপি সত্যায়িত রঙিন ছবি (গ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি (ঘ) অভিজ্ঞতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি এবং (ঙ) একটি নিজস্ব সিভি সংযুক্ত করতে হবে । উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

৩. প্রত্যেক প্রার্থীকে খামের উপর তাঁর নাম-ঠিকানা ও প্রার্থিত পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৪. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনকারীদের নোবিপ্রবি আয় হিসাব নম্বর ০২০০০০৫৩২৬৫৮৪, অগ্রণী ব্যাংক লিমিটেড, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা এর বিপরীতে (অফেরতযোগ্য) গ্রেড- ৩য়, ৫ম ও ৯ম পদের জন্য ২০০.০০ (দুইশত) টাকা এবং গ্রেড-১৬ পদের জন্য ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/অনলাইনে জমা প্রদানপূর্বক মূল রশিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করে রশিদের ক্রমিক নম্বর আবেদনে উল্লেখ করতে হবে।

৫. MPQ (Minimum Prescribe Qualification) শর্ত পূরণ সাপেক্ষে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শর্ত শিথিল করা যেতে পারে।

৬. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে পূর্বেকার চাকরি গণনা করে নোবিপ্রবির চাকরি গণনা সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদনের কপি আবেদনের সময় জমা দিতে হবে।

৭. কোন প্রার্থীর বয়স গণনার সর্বশেষ সীমা হিসেবে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত আবেদনপত্র জমাদানের শেষ তারিখ বিবেচিত হবে।

৮. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়।

৯. চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে বিদেশে চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনের বাধ্যবাধকতা নেই।

১০. কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে সরকারি নিয়ম অনুসরণ করা হবে।

১১. আবেদনকারীকে আবেদন পত্রে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং প্রার্থীর তথ্য গোপনের কারণে আবেদনপত্র বাতিলসহ যথাযথ আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

১২. অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১৩. কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোন অংশের পরিবর্তন/পরিবর্ধন বা সম্পূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা রাখে।

১৪. আবেদন বিবেচনা এবং নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৫. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্যে প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬. বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বিধি এবং প্রযোজ্য অন্যান্য সরকারি নিয়ম ও আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।

১৭. নির্বাচিত প্রার্থীকে মেডিকেল ডোপ টেস্টে উত্তীর্ণ হতে হবে।

**রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)**
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
ফোন: ০২৩৩৪৪৯৬৫২২